



মধুখালী পৌরসভা কার্যালয়
উপজেলা : মধুখালী, জেলা : ফরিদপুর।



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

পৌর পরিষদের বিশেষ (বাজেট ২০২৩-২০২৪ অর্থ বছর) সভার কার্য-বিবরণী

অদ্য ১৮/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০-৩০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র জনাব খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে পৌর পরিষদের বিশেষ (বাজেট ২০২৩-২০২৪ অর্থ বছর) সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি : খন্দকার মোরশেদ রহমান, মেয়র, মধুখালী পৌরসভা, ফরিদপুর।
তারিখ ও সময় : ১৮-০৬-২০২৩ ইং, সকাল-১০.৩০ ঘটিকা।
রোজ : রবিবার
স্থান : পৌরসভা সভাকক্ষ।

সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দ :

- ০১। জনাব রেশমা আক্তার
- ০২। জনাব নাজমা সুলতানা
- ০৩। জনাব রেশমা আক্তার
- ০৪। জনাব কামরুজ্জামান
- ০৫। জনাব মির্জা আবু জাফর
- ০৬। জনাব মির্জা আব্বাস হোসেন
- ০৭। জনাব মোঃ আনিসুর রহমান লিটন
- ০৮। জনাব তৈফিক শরাফী সেতু
- ০৯। জনাব কবির মন্ডল
- ১০। জনাব রেহনা পারভীন
- ১১। জনাব মোঃ মোশারফ হোসেন
- ১২। জনাব কামরুজ্জামান

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ :

- ১। জনাব মোঃ হেমায়েত হোসেন, পৌর নির্বাহী কর্মকর্তা, মধুখালী পৌরসভা।
- ২। জনাব মোঃ গোলাম আজম, সহকারী প্রকৌশলী, মধুখালী পৌরসভা।
- ৩। জনাব মোঃ রাজীব হাসান, হিসাব রক্ষক, মধুখালী পৌরসভা।

সভার সভাপতি জনাব খন্দকার মোরশেদ রহমান সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ হেমায়েত হোসেন কে সভা পরিচালনার দায়িত্ব দিয়ে তার সূচনা বক্তব্য শেষ করেন।

প্রথমে পবিত্র কোরআন থেকে তেলায়াত করেন পৌরসভা জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মোঃ রাসেল আহমেদ।

এরপর সভার সভাপতি মহোদয় পৌরসভার ০৯ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ হান্নান মোল্যা এবং পৌর আওয়ামীলীগের সন্মানিত সভাপতি জনাব আলহাজ্ব জনাব মোহাম্মদ আলী সাহেব এর মৃত্যুতে শোক প্রস্তাব করে ০১ (এক) মিনিট নিরবতা পালন করেন এবং নিরবতা পালন শেষে মরহুমদয় এবং গত ০১ (এক) বৎসরে যেসব

পৌর নাগরিকবৃন্দ মৃত্যুবরণ করেন তাদের বিদেহী অন্তর মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহীত হয়।

আলোচ্যসূচী -১

বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন।

অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ হেমায়েত হোসেন পৌর পরিষদের বিগত মাসের অনুষ্ঠিত সাধারণ সভার কার্য-বিবরণী এ সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা এ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(সংশ্লিষ্ট অংশ)

বিবিধঃ-০৫

(ক) সন্ত্রাস দমন ও নাশকতা প্রতিরোধকরন প্রসঙ্গে :

এ বিষয়ে সভার সভাপতি মহোদয় ও পৌর মেয়র জনাব খন্দকার মোরশেদ রহমান চলতি মাসে পৌর এলাকায় সন্ত্রাসী কার্যক্রম ও নাশকতা সংঘটিত হওয়ায় ব্যাপারে সকলকে সতর্ক দৃষ্টি রাখার জন্য আহবান জানিয়ে এ বিষয়ে আলোচনা করে করনীয় নির্ধারণের জন্য প্রস্তাব করেন।

এ বিষয়ে ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন চলতি মাসে পৌর এলাকায় কোন সন্ত্রাসী ও নাশকতার ঘটনা ঘটেছে এমন কোন তথ্য পাওয়া যায়নি।

এ বিষয়ে জনাব নাজমা সুলতানা কাউন্সিলর সংরক্ষিত আসন-৪,৫,৬নং ওয়ার্ড বলেন পৌর এলাকার কোন স্থানে সন্ত্রাসী/নাশকতা কার্যক্রমের সম্ভাবনা দেখা দিলে তাৎক্ষনিকভাবে স্থানীয় নেতৃবৃন্দের মাধ্যমে সমাধান করার সুপারিশ করেন। এ ব্যাপারে স্ব-স্ব ওয়ার্ডে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনারদের আলোচনা ও থানায় জানানোর প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চলতি মাসে পৌর এলাকায় কোন সন্ত্রাসী ও নাশকতা সংঘটনের কোন তথ্য পাওয়া যায়নি এবং ভবিষ্যতেও যাতে এ ধরনের প্রতিবন্ধকতার সৃষ্টি না হয় সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভাপতি মহোদয় সকলকে দুপুরের খাবার আপ্যায়নের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা, ফরিদপুর।

তাং-১৮/০৬/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- মধুঃপৌঃ/সাধাঃ/২০২৩/ ৩৪৭৭২
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত :

- ১। সচিব মহোদয়
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ
উপ-সচিব (পৌর-২ শাখা)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, ফরিদপুর।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা, ফরিদপুর।

তাং-১৮/০৬/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- মধুঃপৌঃ/সাধাঃ/২০২৩/
অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। জনাব কাউন্সিলর নং ওয়ার্ড, মধুখালী পৌরসভা, ফরিদপুর।
- ২। জনাব মোঃ হেলায়েত হোসেন, পৌর নির্বাহী কর্মকর্তা, মধুখালী পৌরসভা, ফরিদপুর।
- ৩। জনাব মোঃ গোলাম আজম, সহকারী প্রকৌশলী, মধুখালী পৌরসভা, ফরিদপুর।
- ৪। জনাব মোঃ রাজীব হাসান, হিসাব রক্ষক, মধুখালী পৌরসভা, ফরিদপুর।
- ৫। অফিস নথি।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা, ফরিদপুর।